

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রেসিডেন্ট ম্যাক্রোঁর কাছ থেকে টেলিফোন কল পেয়েছেন

21 আগস্ট, 2025

আজ, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ফ্রেঞ্চ রিপাবলিকের প্রেসিডেন্ট মহামহিম ইমানুয়েল ম্যাক্রোঁর কাছ থেকে একটি ফোন কল পেয়েছেন।

ইউক্রেন এবং পশ্চিম এশিয়া অঞ্চলে সংঘাতের শান্তিপূর্ণ সমাধানের জন্য চলমান প্রচেষ্টা সম্পর্কে নেতারা মতবিনিময় করেন।

ওয়াশিংটনে আয়োজিত ইউরোপ, মার্কিন ও ইউক্রেনের নেতাদের মধ্যে সাম্প্রতিক বৈঠকের মূল্যায়ন শেষার করেন প্রেসিডেন্ট ম্যাক্রোঁ। তিনি গাজার পরিস্থিতি নিয়েও নিজের দৃষ্টিভঙ্গি শেষার করেন।

প্রধানমন্ত্রী মোদী যে কোনও দ্বন্দ্বের শান্তিপূর্ণ সমাধান এবং শান্তি ও স্থিতিবস্থা দ্রুত পুনরুদ্ধার করার জন্য ভারতের ধারাবাহিক সমর্থনের কথা পুনরায় নিশ্চিত করেন।

নেতারা বাণিজ্য, প্রতিরক্ষা, অসামরিক পারমাণবিক সহযোগিতা, প্রযুক্তি এবং শক্তি সহ দ্বিপাক্ষিক সহযোগিতার এজেন্ডায় অগ্রগতি পর্যালোচনা করেন। তারা ভারত-ফ্রান্স কৌশলগত অংশীদারিত্বকে শক্তিশালী করার জন্য যৌথ প্রতিশ্রুতির পুনরাবৃত্তি করেন এবং 2026 সালকে উপযুক্ত পদ্ধতিতে 'ইয়ার অফ ইনোভেশন' হিসাবে চিহ্নিত করেন।

ভারত ও EU এর মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি যাতে শীঘ্র সমাপ্ত হয়, তার জন্য রাষ্ট্রপতি ম্যাক্রোঁ সমর্থন জানান।

উভয় নেতা সব রকমের সমস্যার জন্য যোগাযোগ বজায় রাখতে সম্মত হন।

নয়া দিল্লি

21 আগস্ট, 2025